**NHS**

**Screening Programmes**


Sickle Cell and Thalassaemia

# তথ্যগুলো জানুন: সিকল্ সেল এবং স্ক্রীনিং



# সিকল্ সেল রোগটা কি?

সিকল্ সেল একটা গম্ভীর রক্তের রোগ। এটা বংশানুক্রমে পরিবারে চলে। শরীরে রক্তের মাধ্যমে অক্সীজেন কি ভাবে সঞ্চারিত করা হবে তা এর দ্বারা প্রভাবিত হয়। সিকল সেল রোগ দ্বারা আক্রান্ত ব্যক্তিদের, লোহিত কণিকাগুলো কোনো কোনো সময় শক্ত হয়ে যেতে পারে এবং শিরার মধ্যে দিয়ে বহন হওয়ার  সময় তারা আঁটকে যেতে পারে। সেই কারণে সিকল্ সেল রোগ দ্বারা আক্রান্ত ব্যক্তিদের সাঙ্ঘাতিক ব্যথা হতে পারে এবং কোনো কোনো সময় ব্যথা কম করতে সাহায্য করার জন্য তাদের ঔষধের প্রয়োজন হতে পারে। সংক্রমণ থেকে সুরক্ষা প্রদান করার জন্য ও তাদের জীবনভর ঔষধের প্রয়োজন হবে।



# কি ভাবে ব্যক্তির সিকল্ সেল রোগ হয়?

যেমন ভাবে আপনি সর্দি দ্বারা আক্রান্ত হন তেমন ভাবে আপনি সিকল্ সেল রোগ দ্বারা আক্রান্ত হতে পারেন না - এটা জীনের মাধ্যমে মাতা-পিতা থেকে বাচ্চাদের হয়।

ব্যক্তিদের কেবল তবে সিকল্ সেল রোগ হতে পারে যদি তারা উত্তরাধিকারসূত্রে দুটো অসাধারণ জীন পায় - একটা তাদের পিতা থেকে এবং একটা তাদের মা থেকে।


জীন হল এমন কোড যেগুলো আপনার শরীর কে নিয়ন্ত্রিত করে। উদাহরণের জন্য, আপনার চোখের রঙ, আপনি কতটা লম্বা হবেন সব জীন দ্বারা নিয়ন্ত্রিত হয় থাকে - আপনার সুন্দর হাসি হবে কি না তাও!



আশা এবং বেনজামিন দুজনেই সুস্থ - দুজনের মধ্যে কাহারো বস্তুত সিকল সেল রোগ নেই। কিন্তু যেহেতু দুজনের একটা অসাধারণ জীন আছে, তাই শিশু রোজের রোগটা হয়েছে।

আমরা আশা এবং বেনজামিন কে ‘বাহক’ বলি। কোনো কোনো সময় এটাকে সিকল্ সেলের ‘প্রলক্ষণ’ বলা হয়। যে ব্যক্তিরা বাহক হয় তারা নিজে সুস্থ থাকে। কিন্তু তারা সেই অসাধারণ জীনটা তাদের বাচ্চাদের দিতে পারে। প্রত্যেক বার আশা এবং বেনজামিনের বাচ্চা হয়, 4এর মধ্যে 1 (25%) সম্ভাবনা রয়েছে যে তাদের শিশু উত্তরাধিকারসূত্রে সিকল্ সেল রোগ পেতে পারে। তাদের পরবর্তী বচ্চারও সিকল্ সেল রোগ হতে পারে বা সে বাহক হতে পারে বা সে পূর্ণ ভাবে সিকল্ সেল রোগ থেকে মুক্ত হতে পারে।

নীচে দেওয়া ছবি দেখায় যে কি ভাবে রোগটা রোজ পর্যন্ত পৌছায়।



# আমি কি ভাবে পরীক্ষা করতে পারি?

সিকল্ সেল রোগের পরীক্ষা জানার চেষ্টা করে যে আপনি 'বাহক' কি না - আপনার কি একটা অসাধারণ জীন আছে। যদি আপনি বাহক হন, তাহলে সম্ভাবনা রয়েছে যে আপনার বাচ্চা হওয়ার সময় আপনি সেই অসাধারণ জীনটা নিজের বাচ্চা কে দিতে পারেন। যেহেতু বাহকরা সাধারণত সুস্থ থাকে তাই যতক্ষণ না আপনি পরীক্ষা করান ততক্ষণ আপনি জানতে পারবেন না যে আপনি বাহক কি না।



এটা একটা সাধারণ রক্ত পরীক্ষা যার জন্য কিছু মিনিট লাগে - কেবল মাত্র নিজের পরিবারের ডাক্তার (জীপী) বা নিজের স্থানীয় সিকল্ সেল কেন্দ্রে জিজ্ঞাসা করুন।



ইংল্যান্ডে সব গর্ভবতী মহিলাদের এবং সদ্যোজাত শিশুদের সিকল সেল রোগের জন্য একটা পরীক্ষা প্রদান করা হয়। কিন্তু আপনি বাহক কি না তা বাচ্চা হওয়ার নির্ণয় নেওয়ার আগে জানা ভালো বিচার হবে। যদি আপনি ঐ সময়ে গর্ভবতী হন তাহলে আপনাকে 10 সপ্তাহের আগে ঐ পরীক্ষাটা করান উচিত।

# আপনি কি জানতেন?

- বিশ্বে, সিকল্ সেল সব চেয়ে সাধারণ রোগ যেটা বংশানুক্রমে পরিবারের মধ্যে চলে।
- ইংল্যান্ডে প্রায় 240,000 ব্যক্তিরা সিকল সেল জীনের 'বাহক'।
- আপনি আপনার জীবনে যে কোনো সময়ে পরীক্ষাটা করতে পারেন। বাচ্চা হওয়ার নির্ণয় নেওয়ার আগে পরীক্ষার বিষয়ে জানা ভালো বিচার হবে।

অধিকতর তথ্যের জন্য, নিজের জীপীর সাথে কথা বলুন বা **www.sickleandthal.org** দেখুন

আপনি নিম্নলিখিতে একটা পরিবারের স্ক্রীনিং সংক্রান্ত অভিজ্ঞতা এবং সিকল সেলের সাথে জীবনযাপনের উপর আধারিত ছবি দেখতে পারেন: **www.familylegacy.org.uk**